[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দেওয়ানবাগ শরিফের ওয়েবসাইটের তথ্যানুযায়ী, দেওয়ানবাগী পীরের নাম মাহবুব-এ খোদা। তবে তিনি ‘দেওয়ানবাগী’ নামে পরিচিত। ১৯৪৯ সালের ১৪ ডিসেম্বর ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জ উপজেলার বাহাদুরপুর গ্রামে তিনি জন্মগ্রহণ করেন।

তার বাবার নাম সৈয়দ আবদুর রশিদ সরদার। মা সৈয়দা জোবেদা খাতুন। ছয় ভাই দুই বোনের মধ্যে তিনি সবার ছোট। নিজ এলাকার তালশহর কারিমিয়া আলিয়া মাদ্রাসা থেকে ফাজিল পর্যন্ত পড়াশুনা করেন।

ফরিদপুরে চন্দ্রপাড়া দরবারের প্রতিষ্ঠাতা আবুল ফজল সুলতান আহমেদ চন্দ্রপুরীর হাতে বাইয়াত গ্রহণ করেন দেওয়ানবাগী পীর। এরপর তার মেয়ে হামিদা বেগমকে বিয়ে করেন, এর সুবাদে শ্বশুরের কাছ থেকে খিলাফত লাভ করেন।

মঙ্গলবার এইচএসসির ফল নিয়ে কথা বলবেন শিক্ষামন্ত্রী

এইচএসসির ফলাফল, বন্ধ শিক্ষাপ্রতিষ্ঠান, বই উৎসবসহ শিক্ষা সংক্রান্ত সমসাময়িক বিভিন্ন ইস্যুতে গণমাধ্যম প্রতিনিধিদের সঙ্গে অনলাইনে মতবিনিময় করবেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

মঙ্গলবার দুপুর ১২টায় অনলাইন প্ল্যাটফর্ম জুমের মাধ্যমে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। শনিবার রাতে শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা এম এ খায়ের সংবাদিকদের এ তথ্য নিশ্চিত করেছেন।

জানা গেছে, এ বছর মোট সাড়ে ৩৪ কোটি নতুন বই ছাপা হয়েছে। এই বই এখন শিক্ষার্থীদের হাতে তুলে দেয়াই এখন বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক গোলাম ফারুক সাংবাদিকদের বলেন, বই কীভাবে পৌঁছানো হবে সে বিষয়ে এখনো সিদ্ধান্ত মন্ত্রণালয় থেকে দেয়া হয়নি। তবে

শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ক্লাসভিত্তিক পাঠ্যপুস্তক বিতরণ করার চিন্তাভাবনা করা হচ্ছে বলে জানান তিনি।

‘ধ্রুবতারা’র উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নতুন প্লেন ‘ধ্রুবতারা’ উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ রবিবার (২৭ ডিসেম্বর) বেলা ১১টার দিকে সর্বাধুনিক প্রযুক্তি সংবলিত ড্যাশ ৮-৪০০ মডেলের নতুন প্লেন ধ্রুবতারার উদ্বোধন করেন তিনি। এটি নিয়ে বিমানের বহরে উড়োজাহাজের সংখ্যা এখন বেড়ে দাঁড়াল ১৯টি।

প্রধানমন্ত্রী গণভবন থেকে ভিডিও কনফারেন্সে যুক্ত হন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভিভিআইপি টার্মিনালে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে।

ধ্রুবতারাসহ বিমানের উড়োজাহাজ বহরে ইতোমধ্যে যুক্ত হওয়া প্রতিটি উড়োজাহাজের নামকরণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ধ্রুবতারা প্লেনটি ছাড়াও গণভবন থেকে ভিডিও কনফারেন্সে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের বিভিন্ন স্থানে নবনির্মিত ২০টি ফায়ার স্টেশন, জেলা সদরে নবনির্মিত ৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস, কেরানীগন্জে মহিলা কেন্দ্রীয় কারাগার এবং একটি এলপিজি স্টেশন উদ্বোধন করেন।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর থেকে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউন্জ থেকে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী ভিডিও কনফারেন্সে বক্তব্য দেন।

অনুষ্ঠান সঞ্চালনা করেন প্রধানমন্ত্রীর মূখ্য সচিব ড. আহমদ কায়কাউস।

কানাডার প্রখ্যাত নির্মাতা প্রতিষ্ঠান ডি হ্যাভিল্যান্ড নির্মিত

৭৪ আসনবিশিষ্ট ড্যাশ ৮-৪০০ উড়োজাহাজটি পরিবেশবান্ধব ও অত্যাধুনিক সুযোগ-সুবিধা সমৃদ্ধ। এ উড়োজাহাজের এইইপিএ (হাই-ইফিশিয়েন্সি পার্টিকুলেট এয়ার) ফিল্টার প্রযুক্তি মাত্র ৪ মিনিটেই ব্যাকটেরিয়া, ভাইরাসসহ অন্য জীবাণু ধ্বংসের মাধ্যমে উড়োজাহাজের অভ্যন্তরের বাতাসকে করে সম্পূর্ণ বিশুদ্ধ, যা যাত্রীদের করবে অধিকতর সতেজ ও নিরাপদ। এ ছাড়া এ উড়োজাহাজে রয়েছে পর্যাপ্ত লেগস্পেস, এলইডি লাইটিং ও প্রশস্ত জানালা, যে কারণে ভ্রমণ হয়ে উঠবে অধিক আরামদায়ক।

বাংলাদেশ ও কানাডা সরকারের মধ্যে জি-টু-জি ভিত্তিতে কেনা ৩টি উড়োজাহাজের মধ্যে দ্বিতীয় ও তৃতীয় ড্যাশ ৮-৪০০ উড়োজাহাজ দুটি যথাক্রমে আগামী জানুয়ারি ও ফেব্রুয়ারিতে বিমান বহরে যুক্ত হবে। নতুন উড়োজাহাজ বহরে সংযোজনের মাধ্যমে অভ্যন্তরীণ ও স্বল্প দূরত্বের আঞ্চলিক ও আন্তর্জাতিক গন্তব্যসমূহে বিমানের সাপ্তাহিক ফ্রিকোয়েন্সি বৃদ্ধি করা হবে।

বিশ্বব্যাপী মহাসংকটে অর্থনীতিতে ঘুরে দাঁড়িয়েছে দেশ

ইতিহাসের কঠিনতম একটি বছর পার করল বাংলাদেশের অর্থনীতি। মহামারী করোনাভাইরাসের ছোবলে অর্থনীতির এমন কোনো খাত নেই যেটি আক্রান্ত হয়নি। এমনকি সে ধাক্কা কাটিয়ে ওঠার আগেই আবার নতুন করে করোনা সংক্রমণের দ্বিতীয় ঢেউ লেগেছে। গত মার্চ থেকে মে সময়ে কৃষি আর জরুরি খাদ্যপণ্য বাদে প্রায় সব ধরনের উৎপাদন বন্ধ ছিল টানা দুই মাসের বেশি। অথচ অর্থনীতির মূল চালিকাশক্তিই হলো উৎপাদন। মাসের পর মাস কলকারখানায় ঝুলেছে তালা। খোলেনি মার্কেটের প্রধান ফটক। দোকানপাটের শাটারও ওঠেনি। কর্মীরা ছিলেন দিশাহারা। কর্মহীন হয়ে পড়েন জনসংখ্যার প্রায় অর্ধেক। পরিবহন খাতের চাকাও ঘোরেনি। ইঞ্জিন বন্ধ ছিল লঞ্চ, বিমান, হেলিকপ্টারসহ সব ধরনের যানবাহনের। সরকারিন্ডবেসরকারি অফিসেও ছুটিন্ডঅর্ধছুটি ঘোষণা করা হয় মহামারীর সংক্রমণ নিয়ন্ত্রণে। পরবর্তী সময়ে প্রায় শতভাগ অফিশিয়াল কার্যক্রম চলে আসে অনলাইনে, যার কিছু অংশ এখনো

হানে। ফলে ২০২০ সালে বহুসংখ্যক মানুষ বেকার হয়। দেশে দারিদ্র্যও বাড়ে দ্বিগুণ হারে। এ বছর ৭৫ থেকে ৮০ ভাগ মানুষের আয় কমে গেছে, যার একটা বড় নেতিবাচক প্রভাব পড়েছে সামষ্টিক অর্থনীতির ওপর। এদিকে আসন্ন দিনগুলোও দেশ ও বৈশ্বিক অর্থনীতির জন্য হবে কঠিন চ্যালেঞ্জের। বাংলাদেশসহ বিশ্বের প্রায় সব দেশে অর্থলগ্নিকারী প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম থেমে গেছে। একই সঙ্গে পরিবহন, পর্যটন, হোটেল, মোটেল, বিশ্ব চিত্রজগৎ, বিনোদন কেন্দ্রসহ সব ধরনের ব্যবসান্ডবাণিজ্য স্থবির হয়ে পড়েছে। বিপুল লোকসানের মুখে পড়ে বহু কোম্পানি বন্ধ হয়ে যেতে পারে বলে আশঙ্কা প্রকাশ করা হচ্ছে। বিশ্বব্যাপী মহামারী রূপ নেওয়া প্রাণঘাতী করোনাভাইরাসের সংক্রমণ কতটা দীর্ঘায়িত হবে এর ওপর নির্ভর করছে অর্থনীতির ক্ষতির বিষয়টা। ইতিমধ্যে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) বলেছে, করোনাভাইরাসের প্রভাবে বিশ্বব্যাপী অন্তত আড়াই কোটি মানুষ চাকরি হারাবে। আর বিশ্ব বাণিজ্য সংস্থা (ডব্লিউটিও) বলছে, ২০০৮ন্ড২০০৯ সালের বিশ্ব অর্থনৈতিক মন্দাকেও হার মানাবে এবারের করোনাভাইরাসের আর্থিক ক্ষতি। অন্যদিকে বিশ্বব্যাংক ও আইএমএফ সব সদস্য দেশকে এ বিষয়ে সতর্ক করেছে। সংস্থা দুটি বলেছে, বিশ্ববাণিজ্য থমকে গেছে।
সম্প্রতি এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) বলেছে, বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনাভাইরাসের প্রভাবে বাংলাদেশের অর্থনীতি মন্দার মুখে পড়তে পারে। অবস্থা খারাপের দিকে গেলে ৩০২ কোটি ১০ লাখ ডলার পর্যন্ত অর্থনৈতিক ক্ষতির মুখে পড়তে পারে বাংলাদেশ। সংশ্লিষ্টরা জানান, করোনার কারণে যে সংকট চলছে তাতে কয়েক ট্রিলিয়ন ডলার পর্যন্ত ক্ষতির মুখে পড়তে পারে বৈশ্বিক জিডিপি। কর্মস্থলে অনুপস্থিতি, উৎপাদন হ্রাস, সরবরাহ ব্যাহত হওয়ার কারণে বিনিয়োগ এবং বাণিজ্যও কমে যাচ্ছে। এ জন্য বছরজুড়েই বিনিয়োগকারীরা ছিলেন উদ্বিগ্ন।

এখন মানুষ এক অস্বাভাবিক

পৃথিবীর বাসিন্দা

মানুষ এখন এক অস্বাভাবিক পৃথিবীর বাসিন্দা। বিশ্বকে এ বছর সন্ত্রস্ত ও বিপর্যন্ত করে চলেছে এক ভয়ংকর ভাইরাস করোনা। ১৭ লাখের বেশি মানুষের জীবন কেড়ে নিয়েছে এই মহামারি, আক্রান্ত করেছে প্রায় আট কোটি মানুষকে। ধস নামিয়েছে অর্থনীতির। বছর শুরুর মাত্র তিন দিন আগে চীনের উহান থেকে শুরু হয়ে দ্রুত সারা বিশ্বে ছড়িয়েছে এই নতুন করোনাভাইরাস। বিশেষজ্ঞরা বলছে, আগের কোনো কোনো মহামারি করোনার চেয়ে বেশি মানুষ মারলেও তা সীমাবদ্ধ ছিল কিছু দেশের মধ্যে। কখনোই বিশ্বের সব প্রান্তে ছড়িয়ে পড়েনি এবারের মতো। একে বাগে আনতে মানবজাতির সম্মিলিত চেষ্টাও চলছে নজিরবিহীনভাবে।
রোগতত্ত্ববিদ ড. মুশতাক হোসেনের ভাষায়, ‘একটি বছর আমাদের নজিরবিহীন যুদ্ধ চালিয়ে যেতে হচ্ছে করোনাভাইরাসের বিরুদ্ধে। প্রতিদিনই আমাদের নতুন নতুন অভিজ্ঞতা হচ্ছে, নতুন করে জানতে হচ্ছে অনেক কিছু। এক বছরের মুখে এসেও এখনো অনেক কিছুই আমাদের জানা নেই। তবে আমরা আশা করি, নতুন বছরে আমরা টিকা ও স্বাস্থ্য সুরক্ষার সব কিছু মেনে চলে করোনাকে জয় করতে পারব।’
গত বছরের ২৯ ডিসেম্বর প্রথম বিশ্বে ভাইরাসটি মানবদেহে শনাক্ত হলেও বাংলাদেশে প্রথম শনাক্ত হয় ৭০ দিনের মাথায় চলতি বছরের ৮ মার্চ। তবে ওই ২৯ ডিসেম্বর চীনের উহান থেকে খবর ছড়ানোর পর বছরের প্রথম থেকেই অন্যান্য দেশের মতোই বাংলাদেশেও সৃষ্টি হয় উদ্বেগন্ডউৎকণ্ঠান্ডকৌতূহল। পর্যায়ক্রমে দেশের বিশেষজ্ঞ থেকে শুরু করে রাষ্ট্রের শীর্ষ পর্যায় পর্যন্ত নড়াচড়া শুরু হয়। প্রস্তুতি ও পরিকল্পনাতোড়ে আটকে যায় প্রথমত স্বাস্থ্য খাত এবং পর্যায়ক্রমে পুরো সরকারব্যবস্থা। ৮ মার্চের পর ১৮ মার্চ দেশে প্রথম মৃত্যু ঘটে করোনাভাইরাসের কারণে। এর পর থেকেই শুরু হয় ভীতিকর পরিস্থিতি, পাল্টে যায় জীবনযাত্রা; অর্থন্ডবাণিজ্য থেকে শুরু করে মানুষের সামাজিকন্ডসাংস্কৃতিক কিংবা পারিবারিক সব পরিবেশই যেন থমকে যায়। বন্ধ হয়ে যায় আকাশপথ, সড়কপথ, নৌপথসহ সব যোগাযোগ। ‘লকডাউনে’ বন্দি হয়ে পড়ে জীবন।
এর মধ্যেই বিপর্যস্ত হয়ে পড়ে দেশের পুরো স্বাস্থ্যব্যবস্থা। পরীক্ষা না করাতে পেরে মানুষের ছোটাছুটি, চিকিৎসার জন্য এক হাসপাতাল থেকে আরেক হাসপাতালে ঘোরাঘুরি; রোগী রাখতে চায় না কোনো হাসপাতাল, হাসপাতালে চিকিৎসক নেই, স্বজনদের নিয়ে মানুষের হাহাকার, করোনায় মৃতের লাশ ফেলে রেখে স্বজনদের পালিয়ে যাওয়া,

[redacted]

[redacted]

[redacted] pmeat.teletalk.com.bd [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আইনজীবীকে আটকে রাখায় সিএমএম কোর্টে তালা, বিচারকাজ বন্ধ

এক আইনজীবীকে আসামির লকআপে দুই ঘণ্টা আটকে রাখার অভিযোগে ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালতের ম্যাজিস্ট্রেটের অপসারণ চেয়ে বিক্ষোভ করছেন আইনজীবীরা।

বুধবার সকাল সাড়ে ৯টার দিকে বিক্ষুব্ধ আইনজীবীরা ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান নূরের এজলাস কক্ষ থেকে সবাইকে বের করে তালা দিয়ে দেন। তারা ম্যাজিস্ট্রেটের অপসারণ দাবিতে বিক্ষোভ করছেন।

বেলা ১১টায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত বিক্ষোভ চলছিল। ওই বিচারকের অপসারণ চেয়ে বিভিন্ন স্লোগান দিচ্ছেন আইনজীবীরা।

ফলে সিএমএম আদালতের বিচারকাজ বন্ধ রয়েছে। আদালতের সামনে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

জানা গেছে, রুবেল আহমেদ নামে এক আইনজীবী লকআপে আটকে রাখার অভিযোগ এনে বিচারকের বিরুদ্ধে ব্যবস্থা নিতে মঙ্গলবার ঢাকা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক বরাবর আবেদন করেন।

মুক্তিযোদ্ধা আব্দুল বারি বিশ্বাসের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন

শনিবার সন্ধ্যার দিকে মেহেরপুর শহরের সাহাজী পাড়াস্থ নিজ বাসভবনে বার্ধক্যজনিত কারণে তিনি মৃত্যুবরন করেন। মুক্তিযোদ্ধা আলহাজ আব্দুল বারি বিশ্বাস পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে। রবিবার সকালে মেহেরপুর সদর উপজেলা ঝাউবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মরহুমের মরদেহে গার্ড অব অনার প্রদান করা হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহি অফিসার মোঃ মাসুদুল আলম মরহুমের মরদেহে জাতীয় পতাকা দিয়ে আচ্ছাদিত করেন এবং পুষ্পমাল্য অর্পণ করেন। এসময় মেহেরপুর পুলিশের একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করেন। উপজেলা নির্বাহি অফিসার মাসুদুল আলম সালাম গ্রহণ করেন।এসময় বিহগলে করুন সুর বেজে ওঠে।

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, প্রফেসর হাসানুজ্জামান মালেক, সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক সম্পাদক আবদুর রব বিশ্বাস, সাবেক উপজেলা কমান্ডার আবুল কাশেম, মুজিবনগর উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান কামরুল হাসান চাঁদু সহ এলাকার মুক্তিযোদ্ধা এবং সর্ব শ্রেণি-পেশার মানুষ জন উপস্থিত ছিলেন। পরে ঝাউবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে জানাজা শেষে পারিবারিক কবরে দাফন করা হয়।

প্রাথমিকে শিক্ষক নিয়োগ: কোন বিভাগে কতজনের আবেদন?

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগের জন্য সম্প্রতি আবেদন গ্রহণ করা হয়। ৩২ হাজার ৫৭৭টি পদের বিপরীতে এবার আবেদন করেছেন ১৩ লাখ ৯ হাজার ৪৬১ জন। ফলে একটি পদের জন্য চাকরিপ্রত্যাশীর সংখ্যা হলো ৪০ জন। এখন আসুন জেনে নিই, কোন বিভাগে কতজন আবেদন করেছেন?

প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) সূত্রে জানা গেছে, এবার বিভাগভিত্তিক সবচেয়ে বেশি আবেদন পড়েছে ঢাকা বিভাগে। সবচেয়ে কম আবেদন সিলেট বিভাগে।

সূত্র জানায়, এবার ঢাকা বিভাগে আবেদন পড়েছে ২ লাখ ৪০ হাজার ৬১৯টি, রাজশাহীতে ২ লাখ ১০ হাজার ৪৩০, খুলনায় ১ লাখ ৭৮ হাজার ৮০৩, ময়মনসিংহে ১ লাখ ১২ হাজার ২৫৬, চট্টগ্রামে ১ লাখ ৯৯ হাজার ২৩৬, বরিশালে ১ লাখ ৯ হাজার ৩৪৪, সিলেটে ৬২ হাজার ৬০৭ এবং রংপুর বিভাগে ১ লাখ ৯৬ হাজার ১৬৬টি আবেদন পড়েছে।

গত ২৫ অক্টোবর অনলাইনে আবেদন শুরু হয়। শেষ হয় ২৪ নভেম্বর।